



নর্থ সাউথ ইউনিভার্সিটি সম্পর্কে গণমাধ্যমে প্রকাশিত কিছু তথ্য বিভ্রাট এবং সংশোধনী

দেশের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং র‍্যাংকিং এ শীর্ষে নর্থ সাউথ ইউনিভার্সিটি সম্পর্কে সম্প্রতি বেশ কয়েকটি গণমাধ্যমে কিছু ভুল তথ্য উপস্থাপন করা হয়েছে, যা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নজরে এসেছে। এ তথ্য বিভ্রাটের ব্যাপারে এনএসইউ কর্তৃপক্ষের বক্তব্য নিম্নরূপ:

- ক) এনএসইউ যথাযথ কাগজপত্রের ভিত্তিতেই বিভিন্ন প্রোগ্রাম চালাচ্ছে, কাজেই এ ব্যাপারে ‘স্টারমার্কড’ করা অযৌক্তিক। এ ব্যাপারে ইউজিসি’র সাথে সার্বক্ষণিক যোগাযোগ এবং আলাপ-আলোচনা চলছে এবং এ ব্যাপারে আমরা আশু সমাধান আশা করছি।
- খ) নর্থ সাউথ ইউনিভার্সিটি সবসময়ই ইউজিসি’র অনুমোদনক্রমে বিবিএ প্রোগ্রাম চালিয়ে যাচ্ছে যার মধ্যে বেশ কয়েকটি বিষয়ে মেজরে অধ্যয়নের সুবিধা রয়েছে। এ সকল বিষয়ের কোর্স কনটেন্ট এবং কোর্স স্ট্রাকচার ইউজিসি অনুমোদিত। তবে ইউজিসিতে প্রয়োজনীয় অনুমোদন ও নবায়ন এর জন্য যোগাযোগ অব্যাহত রয়েছে। অতএব এনএসইউ অনুমোদন ব্যতীত কোর্স চালাচ্ছে এটি সত্য নয়।
- গ) সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় থেকে চিঠি দিয়ে অতীতে বিভিন্ন সময়ে দেওয়া সুপারিশ সমূহের বাস্তবায়ন বিষয়ে অগ্রগতি জানতে চাওয়া হয়েছে। এ ব্যাপারে পর্যালোচনা করে পরবর্তী পদক্ষেপ নেওয়া হচ্ছে।
- ঘ) এখানে উল্লেখ্য যে, ইউজিসি ও শিক্ষা মন্ত্রণালয়ের সুপারিশকৃত বেশ কিছু বিষয়ে এনএসইউ ইতিমধ্যেই ইতিবাচক উদ্যোগ গ্রহণ করেছে। এ সকল উদ্যোগসমূহ জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে।
- ঙ) জঙ্গিবাদ এবং মাদকের ভয়াবহতা রোধে এনএসইউ বরাবরই সোচ্চার এবং এ ব্যাপারে বেশ কিছু শুদ্ধি অভিযান চালানো হয়েছে যার মাধ্যমে কিছু কর্মকর্তা এবং কর্মচারীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়াও বর্তমানে এনএসইউতে জঙ্গি ও মাদক বিরোধী কমিটি সক্রিয় রয়েছে এবং জঙ্গি ও মাদক প্রতিরোধে সফলভাবে ভূমিকা পালন করে যাচ্ছে। এটি উল্লেখ্য যে, এনএসইউতে নিয়মিতভাবে জঙ্গি ও মাদক বিরোধী সেমিনারের আয়োজন করা হয়ে থাকে।
- চ) এনএসইউ সবসময় মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী, মুক্তিযোদ্ধাদের সম্মানিত করার লক্ষ্যে এ পর্যন্ত এনএসইউ ১৩০০ এর অধিক মুক্তিযোদ্ধার সন্তানদের সম্পূর্ণ বিনা বেতনে এনএসইউ তে অধ্যয়নের সুযোগ করে দিয়েছে। বঙ্গবন্ধু ও বাংলাদেশের মুক্তিযুদ্ধের বিষয়ে বিশ্ববাসী এবং নতুন প্রজন্মকে জানানোর উদ্দেশ্যে সম্প্রতি এনএসইউ “বঙ্গবন্ধু ও বাংলাদেশ” শীর্ষক বই রচনা করেছে।
- ছ) এনএসইউ এর প্রশাসনিক কাজে গতিশীলতা বাড়ানোর জন্য সম্প্রতি বাংলাদেশ সরকারের তিনজন অবসরপ্রাপ্ত উর্ধ্বতন কর্মকর্তা (অতিরিক্ত সচিব, মেজর জেনারেল এবং উইং কমান্ডার) নিয়োগ দিয়েছে, যারা বিশ্ববিদ্যালয়ের নিয়ম-কানুন মোতাবেক কর্মকান্ড পরিচালনা করছেন।
- জ) বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাসের সম্প্রসারণের জন্য জমি ক্রয় এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য গাড়ি ক্রয় সংক্রান্ত যাবতীয় তথ্য ও কাগজপত্র অফিসে সংরক্ষিত আছে।

অতএব, সম্প্রতি কিছু গণমাধ্যমে বিশ্ববিদ্যালয় এর ট্রাস্টি বোর্ডের সদস্যবৃন্দ এবং কর্তৃপক্ষকে উল্লেখ করে যে সকল ভ্রান্ত তথ্য উপস্থাপন করা হয়েছে, এনএসইউ কর্তৃপক্ষ তার প্রতিবাদ জানাচ্ছে এবং এরই প্রেক্ষিতে এ সংশোধনী উপস্থাপন করা হলো।

NORTH SOUTH UNIVERSITY

Center of Excellence in Higher Education